যুগান্তর

তারিখ ... 01 FEB 2016 ...
পৃঃ ৭-৬ .. কলাম ... 2 ......

এসএসসি ও সমমান

# পরীক্ষা কেন্দ্রের ২শ গজে জনসাধারণের প্রবেশ নিষিধ

**যুগান্তর রিপোর্ট**

এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্রের আশপাশের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ব্যতীত জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। রোববার ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ নিষেধাজ্ঞা জারি করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০১৬ সালের এসএসসি, এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল) এবং দাখিল পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের অভ্যন্তরে পরীক্ষার্থী ব্যতীত জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ করা হল। পরীক্ষার্থীদের নিরাপত্তা, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ১ ফেব্রুয়ারি থেকে পরীক্ষার দিনগুলোতে এই আদেশ বলবৎ থাকবে। ডিএমপি (অর্ডিন্যান্স নম্বর- ৩/১৯৭৬) এর ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে এই আদেশ দেন ডিএমপি কমিশনার।